রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মে ২৬, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**নারী ও শিশুশ্রম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ বৈশাখ ১৪২৬/২৫ এপ্রিল ২০১৯

**নং ৪০.০০.০০০০.০২৩.০৬.০০১.১৮-৬/১** ।—"জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (NCLWC)"-এর ৭ম সভার ৩.৫ নং সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বিভিন্ন সেক্টরকে সময় সময় শিশুশ্রম মুক্ত ঘোষণা করার ক্ষেত্রে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে নিম্নোক্তভাবে 'জাতীয় মনিটরিং কোর কমিটি' গঠন করা হলো :—

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (আইও), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয় (সরকারের যুগ্মসচিব) | সদস্য |
| ৩. | প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয় (সরকারের যুগ্মসচিব) | সদস্য |
| ৪. | প্রতিনিধি, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (যুগ্ম মহাপরিদর্শক পদ মর্যাদার) | সদস্য |
| ৫. | প্রতিনিধি, শ্রম অধিদপ্তর (পরিচালক পদ মর্যাদার) | সদস্য |
| ৬. | প্রতিনিধি, আইএলও বাংলাদেশ অফিস | সদস্য |
| ৭. | প্রতিনিধি, এফবিসিসিআই (পরিচালক পদ মর্যাদার) | সদস্য |
| ৮. | প্রতিনিধি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন (বিইএফ) | সদস্য |
| ৯. | প্রতিনিধি, (সংশ্লিষ্ট সেক্টর) | সদস্য |
| ১০. | প্রতিনিধি, বাংলাদেশ শিশু অধিকার ফোরাম | সদস্য |
| ১১. | প্রতিনিধি, সেভ দ্যা চিলড্রেন, বাংলাদেশ | সদস্য |
| ১২. | উপসচিব (রপ্তানীমুখী শিল্প), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব |



**মূল্য :** টাকা ৪.০০

২। **কমিটির কার্য পরিধি :**

(ক) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত সুপারিশ বিবেচনাক্রমে শিপব্রেকিং, সিল্ক, ট্যানারি ও চামড়াজাত দ্রব্য সেক্টরকে শিশুশ্রম মুক্ত ঘোষণা সম্পর্কে ৬০ (ষাট) দিনের মধ্যে কমিটি সুপারিশ পেশ করবে;

(খ) ভবিষ্যতে প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী সেক্টরভিত্তিক শিশুশ্রম মুক্ত ঘোষণার সুপারিশ পেশ করবে;

(গ) কমিটি প্রয়োজনে উপযুক্ত প্রতিনিধি কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আছমা-উল-হোসনা**
সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd